গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইল
(রাজস্ব শাখা)
www.tangail.gov.bd

স্মারক নং-০৫.৪১.৯৩০০.০১২.০২.০৬২.১৫(অংশ-১)- ৫৭৬

তারিখ: ০৮ আষাঢ় ১৪৩০ / ২২ জুন ২০২৩

# নিয়োগ বিজ্ঞপ্তি

ভূমি মন্ত্রণালয় এর মাঠ প্রশাসন-১ অধিশাখার ২১ জুন ২০২৩ খ্রি. তারিখের ৩১.০০.০০০০.০৪৬.১১.০৫৬.১৪-২১০ নম্বর স্মারকে প্রাপ্ত ছাড়পত্র মোতাবেক টাঙ্গাইল জেলা প্রশাসনের রাজস্ব বিভাগ ও অধীনস্থ অফিসসমূহ এবং নিয়ন্ত্রণাধীন ইউনিয়ন/পৌর ভূমি অফিসসমূহে নিম্নবর্ণিত শূন্যপদে জনবল নিয়োগের নিমিত্ত টাঙ্গাইল জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নির্ধারিত ফরমে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

| ক্র. নং | পদের নাম | গ্রেড ও বেতনস্কেল (জাতীয় বেতন স্কেল/২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১. | গাড়ীচালক | ১৬ নং গ্রেড ৯৩০০-২২৪৯০/- | ১২(বারো)টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ<br>(খ) বাংলাদেশ সড়ক পরিবহণ কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত লাইসেন্সসহ যানবাহন চালনায় পারদর্শী |
| ০২. | অফিস সহায়ক | ২০ নং গ্রেড ৮,২৫০-২০০১০/- | ২৯(উনত্রিশ)টি | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ |

**শর্তাবলী:**

১ প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক এবং টাঙ্গাইল জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

২ প্রার্থীর বয়সসীমা ২০-০৭-২০২৩ খ্রি.তারিখের মধ্যে ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/নাতি-নাতনীদের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা ৩২ বছর শিথিলযোগ্য। উল্লেখ্য, **জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি-১ শাখার ২২-০৯-২০২২ খ্রি. তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.২০-১৪৯ নম্বর স্মারক মোতাবেক ২৫-০৩-২০২০ খ্রি. তারিখে যাদের বয়স উল্লিখিত বয়সসীমার মধ্যে আছে তারাও আবেদন করতে পারবে।** বয়সের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না। চাকুরীরত প্রার্থীদের বয়সসীমা শিথিলযোগ্য নয়।

৩ নিয়োগের ক্ষেত্রে মুক্তিযোদ্ধা কোটা, উপজাতি কোটা, মহিলা কোটা, আনসার ও ভিডিপি কোটা এবং প্রতিবন্ধী কোটাসহ সরকার নির্ধারিত সকল কোটা অনুসরণ করা হবে।

৪ প্রার্থী শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/মুক্তিযোদ্ধার পোষ্য হলে মুক্তিযোদ্ধা কোটায় আবেদিত চাকুরি প্রার্থীদেরকে নির্ধারিত ফরমের সাথে নিম্নবর্ণিত ছকে উল্লিখিত তথ্যাদি পূরণপূর্বক সনদের সত্যায়িত কপি আবেদন ফরমের সাথে দাখিল করতে হবে।

| প্রার্থীর নাম | মুক্তিযোদ্ধার নাম | মুক্তিযোদ্ধার পিতার নাম | মুক্তিযোদ্ধার স্থায়ী ঠিকানা | মুক্তিযোদ্ধার জাতীয় পরিচয়পত্র, জন্ম তারিখ, জন্মসনদ | মুক্তিযোদ্ধার সনদ নম্বর, মুক্তিবার্তা নম্বর ও তারিখ | গেজেট নম্বর ও তারিখ | মন্ত্রণালয়ের সনদ নম্বর তারিখ ও স্মারক নম্বর | বামুস সনদ নম্বর ও তারিখ | মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা দাবী করার ক্ষেত্রে প্রার্থীর জাতীয় পরিচয়পত্র, পিতা-মাতার জাতীয় পরিচয়পত্র | মুক্তিযোদ্ধার উত্তরাধিকারী সনদযুক্ত প্রমাণক | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |

৫ আবেদনকারী কর্তৃক দাখিলকৃত খামের উপরে পদের নাম এবং কোটার নাম স্পষ্টাক্ষরে লিখতে হবে।

৬ চাকুরীরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত করতে হবে, এ ক্ষেত্রে কোন অগ্রীম কপি গ্রহণযোগ্য হবে না।

৭ নির্ধারিত ফরমে পূরণকৃত আবেদন ফরম এর যথাস্থানে প্রার্থীর পাসপোর্ট সাইজের (চার কপি) রঙিন ছবি সত্যায়িত করে সংযুক্ত করতে হবে।

৮ পরীক্ষার ফি বাবদ প্রতি প্রার্থীর ক্ষেত্রে ১ নং ক্রমিকের জন্য ২০০/- (দুইশত) টাকা এবং ২ নং ক্রমিকের জন্য ১০০/- (একশত) টাকা (অফেরতযোগ্য) ১-০৭৪২-০০০০-২০৩১ নং কোডে সোনালী ব্যাংকে/ট্রেজারি ব্যাংকে ট্রেজারি চালানের মাধ্যমে জমা প্রদান করে চালানের মূল কপি আবেদনের সাথে দাখিল করতে হবে।

৯ নির্ভুল ঠিকানায় প্রবেশপত্র প্রেরণের স্বার্থে স্পষ্টাক্ষরে প্রার্থীর নিজের নাম ও ঠিকানা সম্বলিত এবং অব্যবহৃত ১০(দশ) টাকা মূল্যমানের ডাকটিকিটযুক্ত ৯.৫″X৪.৫″ সাইজের একটি ফেরত খাম সংযুক্ত করতে হবে।

১০ মৌখিক পরীক্ষার সময় শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, বাংলাদেশ সড়ক পরিবহণ কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত লাইসেন্সসহ যানবাহন চালনায় পারদর্শীতার প্রমাণস্বরূপ (প্রযোজ্য ক্ষেত্রে) সকল প্রকার সনদপত্রের (এনআইডি/নাগরিকত্ব/চারিত্রিক সনদ/মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে মূল মুক্তিযোদ্ধার সনদসহ অন্যান্য কোটার ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত মূল সনদপত্রসমূহ) মূলকপি প্রদর্শন করতে হবে। মূল সনদপত্রসমূহ দেখাতে ব্যর্থ হলে বা কোন সনদ মিথ্যা প্রমাণিত হলে সংশ্লিষ্ট প্রার্থীর মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না।

১২ নির্ধারিত ফরমে জেলা প্রশাসক, টাঙ্গাইল বরাবরে আবেদনপত্র **আগামী ২০-০৭-২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ের (৯টা-৪টা) মধ্যে** ডাকযোগে/কুরিয়ার সার্ভিসের মাধ্যমে বা সরাসরি নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে প্রেরণ/এ কার্যালয়ে রক্ষিত নির্ধারিত বাক্সে দাখিল করতে হবে।

১৩ বৈধ প্রার্থীদের বরাবর যথাসময়ে ডাকযোগে লিখিত/মৌখিক পরীক্ষার প্রবেশপত্র প্রেরণ করা হবে।

১৪ কোন তথ্য গোপন করে/ভুল তথ্য প্রদান করে/ভূয়া সনদ দাখিল করলে বা পুলিশ ভেরিফিকেশন সন্তোষজনক না হলে চাকুরিতে নিয়োগ প্রাপ্ত হলেও প্রার্থীর নিয়োগ বাতিল করে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৫ সরকারী বিধি মোতাবেক লিখিত/মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। লিখিত/মৌখিক পরীক্ষায় (প্রযোজ্য ক্ষেত্রে ) অংশগ্রহণের জন্য কোন প্রকার টি.এ/ ডি.এ প্রদান করা হবে না।

১৬ নিয়োগকারী কর্তৃপক্ষ পদের সংখ্যাসহ নিয়োগ বিজ্ঞপ্তির যে কোন বিষয় সংশোধন/পরিবর্তন বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন। নিয়োগের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৭ কোটা সম্পর্কিত প্রচলিত সরকারি নীতিমালা এবং নিয়োগ সংক্রান্ত অন্যান্য সরকারি বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে।

১৮ নিয়োগ বিজ্ঞপ্তি, আবেদন ফরম, লিখিত/মৌখিক পরীক্ষার তারিখ বা নিয়োগ সংক্রান্ত তথ্য এ কার্যালয় হতে সংগ্রহ করা যাবে বা এ জেলার ওয়েবসাইট www. tangail.gov.bd এ পাওয়া যাবে।

১৯ পৌরসভার মেয়র বা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ দাখিল করতে হবে।

২০ প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক আবেদনপত্রে উল্লেখিত সকল প্রকার সনদপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

২১ যদি কোনো প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা কোন ফৌজদারী আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি হতে বরখাস্ত হয়ে থাকেন, তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

২২/৬/২৩
**(জসীম উদ্দীন হায়দার)**
জেলা প্রশাসক
টাঙ্গাইল।
ফোন : ০২৯৯৭৭১৪৯০২
ই-মেইল : dctangail@mopa.gov.bd

স্মারক নং-০৫.৪১.৯৩০০.০১২.০২.০৬২.১৫(অংশ-১)- ৫৭৬(১০০০)

তারিখ: ০৮ আষাঢ় ১৪৩০ / ২২ জুন ২০২৩

**অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো:**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/ প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
২. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ভূমি ভবন, ৯৮ শহীদ তাজউদ্দীন আহমদ স্মরণি, তেজগাঁও, ঢাকা।
৬. বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।

**অনুলিপি সদয় অবগতি/বহুল প্রচারের জন্য প্রেরণ করা হলো :**

১. জেলা প্রশাসক (সকল)।
২. পুলিশ সুপার, টাঙ্গাইল।
৩. উপপরিচালক, স্থানীয় সরকার, টাঙ্গাইল।
৪. ........................................................................., (জেলা পর্যায়ের কর্মকর্তা) টাঙ্গাইল ।
৫. অতিরিক্ত জেলা প্রশাসক সার্বিক/রাজস্ব/শিক্ষা ও তথ্য যোগাযোগ প্রযুক্তি/উন্নয়ন ও মানবসম্পদ ব্যবস্থাপনা/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট টাঙ্গাইল।
৬. জেলা সিনিয়র তথ্য অফিসার, টাঙ্গাইল।
৭. উপজেলা নির্বাহী অফিসার, ............................... (সকল), টাঙ্গাইল।
৮. মেয়র/প্রশাসক, ..................................পৌরসভা (সকল), টাঙ্গাইল।
৯. সহকারী কমিশনার (ভূমি), ............................. (সকল), টাঙ্গাইল।
১০ সহকারী কমিশনার, তথ্য যোগাযোগ প্রযুক্তি কোষ, জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইল।
(বিজ্ঞপ্তিটি এ জেলার ওয়েবসাইটে (www. tangail.gov.bd-এ ) প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।)
১১. সহকারী পরিচালক, জেলা কর্মসংস্থান ব্যুরো, টাঙ্গাইল।
১২. পোস্টমাস্টার, প্রধান ডাকঘর, টাঙ্গাইল।
১৩. সম্পাদক, যুগান্তর, ঢাকা।
১৪. সম্পাদক, Business Standard, Dhaka.
১৫. সম্পাদক, মজলুমের কন্ঠ, টাঙ্গাইল।

উপরোক্ত বিজ্ঞপ্তিটি অবিলম্বে (২৩-০৬-২০২৩ খ্রি. তারিখের মধ্যে বা নিকটবর্তী তারিখে) তাঁর পত্রিকায় ভিতরের পাতায় স্বল্প পরিসরে ০১(এক) দিনের জন্য প্রকাশ করে প্রকাশিত বিজ্ঞপ্তির ০৫(পাঁচ)টি কপি এবং বিজ্ঞপ্তি প্রকাশের পর নিম্নস্বাক্ষরকারীর বরাবর বিল দাখিলের জন্য অনুরোধ করা হলো।

১৬. জেলা প্রশাসকের কার্যালয়ের সকল নোটিশ বোর্ড, টাঙ্গাইল।
১৭. অফিস কপি/মাস্টার কপি।

২২/৬/২৩
জেলা প্রশাসক
টাঙ্গাইল।

# আবেদন ফরম

| প্রার্থীর ছবি<br><br>(সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজ তিন কপি) |
|---|

বরাবর: জেলা প্রশাসক
টাঙ্গাইল।

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | পদের নাম: | | | | | | | | | | |
| ২ | বিজ্ঞপ্তির স্মারক নম্বর: ০৫.৪১.৯৩০০.০১২.০২.০৬২.১৫(অংশ-১)-৫৭৩ | তারিখ: | দিন | | মাস | | বৎসর | | | | |
| | | | ২ | ২ | ০ | ৬ | ২ | ০ | ২ | ৩ | |

| | | | |
|---|---|---|---|
| ৩ | প্রার্থীর নাম: | বাংলায়: | |
| | | ইংরেজীতে (বড় অক্ষরে): | |
| ৪ | জাতীয় পরিচয় নম্বর: | | যে কোন একটি |
| | জন্ম নিবন্ধন নম্বর: | | |
| ৫ | জন্ম তারিখ: | | ৬. জন্ম স্থান (জেলা): |
| ৭ | ...................... খ্রি. তারিখে প্রার্থীর বয়স: | বছর | মাস দিন |
| ৮ | মাতার নাম: | | |
| ৯ | পিতার নাম: | | |
| | স্বামীর নাম(প্রযোজ্য ক্ষেত্রে): | | |

| | | | |
|---|---|---|---|
| ১০ | ঠিকানা: | বর্তমান | স্থায়ী |
| | বাসা ও সড়ক (নাম/নম্বর): | | |
| | গ্রাম/পাড়া/মহল্লা: | | |
| | ইউনিয়ন/ওয়ার্ড: | | |
| | ডাকঘর | | |
| | পোস্ট কোড নম্বর: | | |
| | উপজেলা: | | |
| | জেলা: | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১১ | যোগাযোগ | মোবাইল/টেলিফোন নম্বর: | | ই-মেইল (যদি থাকে): |
| ১২ | জাতীয়তা: | | ১৩ | লিঙ্গ: |
| ১৪ | ধর্ম: | | ১৫ | পেশা: |

শিক্ষাগত যোগ্যতা:

| ১৬ | পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | পাসের সন | বোর্ড/ বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণী/বিভাগ |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭ | অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে): | | | |
| ১৮ | অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে): | | | |
| ১৯ | কোটা (টিক দিন): | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা, পুত্র-কন্যার পুত্র/কন্যা | | এতিম/শারীরিক প্রতিবন্ধী |
| | | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী | আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য | অন্যান্য (উল্লেখ করুন): |
| ২০ | চালান নম্বর: | তারিখ | দিন / মাস / বৎসর | |
| | ব্যাংক ও শাখার নাম: | | | |
| ২১ | বিভাগীয় প্রার্থী কিনা (টিক দিন): | হ্যাঁ | না | প্রযোজ্য নয় |

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, উপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল প্রকার মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

| তারিখ: | দিন | | মাস | | বৎসর | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | |

প্রার্থীর স্বাক্ষর